

পদত্যাগ করেছেন ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য

প্রতিনিধি, [ঢাকা বিশ্ববিদ্যালয়](#)

: শনিবার, ১০ আগস্ট ২০২৪



পদত্যাগ করেছেন ঢাকা বিশ্ববিদ্যালয়ের ২৯ তম উপাচার্য অধ্যাপক ড. এ এস এম মাকসুদ কামাল। আজ শনিবার শিক্ষা মন্ত্রণালয়ে এই পদত্যাগ পত্র জমা দেন তিনি। একটি সূত্র জানিয়েছেন, সার্বিক পরিস্থিতি বিবেচনায় তিনি পদত্যাগ করেছেন।

এর আগে গত বছরের ৪ নভেম্বর সাবেক উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামানের স্থানে ২৯তম উপাচার্য হিসেবে নিয়োগ পান অধ্যাপক এ এস এম মাকসুদ কামাল। দায়িত্ব পাওয়ার পর তিনি বিশ্ববিদ্যালয়কে এগিয়ে নিতে নানা উদ্যোগ গ্রহণ করেন এবং কিছু কিছু উদ্যোগ বাস্তবায়নও করেন।